# বিসিক কর্তৃক জেলা পর্যায়ে উদ্যোক্তা মেলা আয়োজনের

# নির্দেশিকা

**আগস্ট ২০২২**

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
৩৯৮ মেয়র আনিসুল হক সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bscic.gov.bd

# সূচিপত্র

১.০ ভূমিকা ........ ৩
২.০ বিসিক কর্তৃক জেলা পর্যায়ে মেলা আয়োজনের লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ........ ৩
৩.০ মেলা আয়োজনের উল্লেখযোগ্য কার্যক্রম: ........ ৩
৪.০ মেলা বাস্তবায়নে স্থানীয় কমিটি গঠন: ........ ৩
৫.০ মেলা আয়োজনের জন্য সম্ভাব্য সময় ও স্থান নির্ধারণ ........ ৪
৫.১ মেলার সময়কাল নির্ধারণ ........ ৪
৫.২ মেলার স্থান নির্ধারণ ........ ৪
৬.০ মেলায় উদ্যোক্তাদের অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান, নির্বাচন ও স্টল বরাদ্দ ........ ৪
৭.০ মেলা আয়োজনের বাজেট* ........ ৬
৮.০ মূল্যায়ন, তথ্য সংরক্ষণ ও প্রেরণ (সংশ্লিষ্ট কার্যালয়, বিসিক) ........ ৭
পরিশিষ্ট-ক ........ ৮
পরিশিষ্ট-খ ........ ১০
পরিশিষ্ট-গ ........ ১২
পরিশিষ্ট-ঘ ........ ১৩

## ১.০ ভূমিকা

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) উদ্যোক্তা সৃষ্টি, নতুন উদ্যোক্তা অন্বেষণ, নিবন্ধন প্রদান, প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা, ঋণ সরবরাহ, উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজারজাতকরণে সহায়তা প্রদানসহ বিভিন্নমুখী কার্যক্রম পরিচালনা করে আসছে। জন্মলগ্ন থেকেই দেশের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (CMSMEs) খাতের উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রচার ও প্রসার, বাজার সম্প্রসারণ এবং নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে দেশব্যাপী মেলা/উদ্যোক্তা হাট/প্রদর্শনী/ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজন করা বিসিকের নিয়মিত কার্যক্রমের অংশ। সাধারণত এ সকল কর্মসূচি বিসিক প্রধান কার্যালয়স্থ বিপণন বিভাগ, নকশা কেন্দ্র, স্কিটি এবং আঞ্চলিক ও জেলা কার্যালয়ের স্বতন্ত্র কিংবা সম্মিলিত উদ্যোগে স্থানীয় প্রশাসন এবং চেম্বার/এসোসিয়েশনসমূহের সহায়তায় বাস্তবায়িত হয়ে থাকে। দেশব্যাপী এসকল কর্মসূচি আয়োজনের মাধ্যমে উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের পরিচিতির পাশাপাশি উদ্যোক্তা ও ক্রেতা-বিক্রেতার মধ্যে পারস্পারিক সংযোগ স্থাপিত হয় এবং নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়। সময়ের পরিক্রমায় কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (CMSMEs) খাতের উদ্যোক্তা সংখ্যা বৃদ্ধি পাওয়ায় এবং এ সকল উদ্যোক্তাদের নিজস্ব বিপণন কেন্দ্র না থাকায় দেশব্যাপী আরও অধিক সংখ্যক মেলা আয়োজন বিসিকের অন্যতম দায়িত্বে পরিণত হয়েছে। উল্লেখ্য, দেশব্যাপী মেলা আয়োজন করা বিসিকের একটি রুটিন কাজ। এছাড়াও বিভিন্ন জাতীয় দিবস, স্মারক বর্ষ ও উৎসব উপলক্ষ্যে উক্ত কর্মসূচিসমূহ আয়োজনে সরকারের নির্দেশনা থাকায় দেশব্যাপী বিসিক কর্তৃক নিয়মিতিভাবে এসকল ইভেন্ট আয়োজন করা হয়ে থাকে। বিসিকের বিভিন্ন পর্যায়ের দপ্তরসমূহ কর্তৃক নিয়মিতভাবে উল্লিখিত কর্মসূচিসমূহ সফল ও কার্যকরভাবে আয়োজন করার জন্য একটি অভিন্ন নির্দেশিকা প্রণয়ন করা প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে, নির্দেশিকাটি প্রণয়ন করা হয়েছে। আলোচ্য নির্দেশিকাটি অনুসরণ করে বিসিকের নিজস্ব অর্থায়ন ও ব্যবস্থাপনায় দেশব্যাপী মেলা আয়োজন সফলভাবে সম্পন্ন করা যাবে মর্মে আশা করা যায়।

## ২.০ মেলা আয়োজনের লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ

- কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (CMSMEs) উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রচার, প্রসার, বিক্রয় এবং ব্যবসা সম্প্রসারণে সহায়তা করা;
- মেলার মাধ্যমে নতুন উদ্যোক্তা সৃষ্টিতে সহায়তা করা;
- উদ্যোক্তা ও ক্রেতার মধ্যে পারস্পারিক যোগাযোগ ও সংযোগ বৃদ্ধিতে সহায়তা করা;
- উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের মান উন্নয়নে সৃজনশীল মতামত প্রাপ্তি।

## ৩.০ মেলা আয়োজনের উল্লেখযোগ্য কার্যক্রম

| ক্রম | কর্মসূচি |
|---|---|
| ১. | ভেন্যু ব্যবস্থাপনা |
| ২. | স্টল ব্যবস্থাপনা |
| ৩. | প্রচার- প্রচারণা (পত্রিকায় বিজ্ঞাপন, ব্যানার, ফেস্টুন, লিফলেট, পোস্টার, গেইট ইত্যাদি) |
| ৪. | উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন |
| ৫. | সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন |
| ৬. | শ্রেষ্ঠ স্টলসমূহকে পুরস্কার বিতরণ |

## ৪.০ মেলা বাস্তবায়নে স্থানীয় কমিটি গঠন

বিসিক কর্তৃক জেলা পর্যায়ে আয়োজিতব্য মেলা বাস্তবায়নের লক্ষ্যে জেলা প্রশাসক-কে আহবায়ক করে নাসিব, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, বাংলাদেশ ব্যাংক, শিল্পকলা একাডেমী, মেট্রোপলিটন/জেলা পুলিশসহ অন্যান্য সকল সংশ্লিষ্ট সংস্থাসমূহের প্রতিনিধিদের সমন্বয়ে স্থানীয়ভাবে একটি কমিটি গঠন করা হবে। মেলা আয়োজনের সময় জেলা প্রশাসক প্রয়োজন অনুযায়ী বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিকে স্থানীয় মেলা কমিটিতে কো-অপ্ট করতে পারবেন। কমিটিতে জেলা কার্যালয় প্রধান, বিসিক সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করবেন। কমিটির গঠন নিম্নরূপ:

| ক্রমিক | স্থানীয় মেলা কমিটি | পদবী |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | আহ্বায়ক |
| ২. | পুলিশ সুপার | সদস্য |
| ৩. | মেয়র | সদস্য |
| ৪. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | সদস্য |
| ৫. | প্রতিনিধি, জেলা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (প্রেসিডেন্ট/ সাধারণ সম্পাদক) | সদস্য |

| | | |
|---|---|---|
| ৬. | প্রতিনিধি, নাসিব (প্রেসিডেন্ট/ সাধারণ সম্পাদক) | সদস্য |
| ৭. | প্রতিনিধি, মহিলা চেম্বার/ অ্যাসোসিয়েশনের প্রতিনিধি | সদস্য |
| ৮. | প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ৯. | জেলা কার্যালয় প্রধান, বিসিক | সদস্য সচিব |

## ৫.০ মেলা আয়োজনের জন্য সম্ভাব্য সময় ও স্থান নির্ধারণ

### ৫.১ মেলার সময়কাল নির্ধারণ

- মেলা মাসের প্রথম সপ্তাহে আয়োজনে প্রাধান্য দিতে হবে;
- বিভিন্ন দিবসভিত্তিক মেলা/ প্রদর্শনীসমূহ দিবস উদযাপনের শুরু/ সমাপ্তিতে আরম্ভ করতে হবে;
- মেলাসমূহ ৭ (সাত) থেকে সর্বোচ্চ ১০ (দশ) দিন সময়ব্যাপী আয়োজন করা যাবে।

### ৫.২ মেলার স্থান নির্ধারণ

বিসিক কর্তৃক জেলা পর্যায়ে মেলা আয়োজনে স্থানীয় প্রশাসন এবং ব্যবসায়ী সংগঠনসমূহের সাথে আলোচনাপূর্বক স্থান নির্বাচন করতে হবে। সেক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ নিশ্চিত করতে হবে:

- শহরের কেন্দ্রবিন্দুতে অবস্থিত অধিক জনসমাগম উপযোগী উন্মুক্ত মাঠ/ সাংস্কৃতিক কেন্দ্র/ অডিটরিয়াম/ প্রদর্শনী কেন্দ্র/ অফিস চত্বর/ অন্যান্য অবকাঠামো মেলা আয়োজনের জন্য নির্বাচন করতে হবে।
- মেলা আয়োজনের জন্য নির্বাচিত ভেন্যুতে ন্যূনতম ৫০ টি স্টল স্থাপনের জায়গা থাকতে হবে এবং দর্শনার্থী চলাচলের জন্য পর্যাপ্ত ফাঁকা স্থান থাকতে হবে। তবে বিশেষ পরিস্থিতিতে মেলা বা প্রদর্শনীর ক্ষেত্রে স্টল বা জায়গার পরিমান কম-বেশি হতে পারে।
- ভেন্যুর সন্নিকটে উদ্যোক্তা ও দর্শনার্থীদের জন্য পর্যাপ্ত খাবার পানি ও পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা থাকতে হবে এবং মেলা চলাকালীন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

## ৬.০ মেলায় উদ্যোক্তাদের অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান, নির্বাচন ও স্টল বরাদ্দ

- স্থানীয় ও জাতীয় দৈনিক পত্রিকা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিসিকের নিজস্ব ওয়েবসাইটসহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে মেলায় অংশগ্রহণের জন্য নির্ধারিত আবেদন ফর্ম ওয়েবসাইট/ বিসিক জেলা কার্যালয় হতে বিনামূল্যে সরবরাহ করা হবে।
- জেলা পর্যায়ের প্রতিটি মেলায় ৪০-৫০ টি স্টল থাকবে। তবে বিশেষ পরিস্থিতিতে স্টল সংখ্যা কম-বেশি হতে পারে। প্রতিটি স্টলের আকার হবে ৮ ফুট X ৮ ফুট। স্টলে ১ টি টেবিল, ২ টি চেয়ার, ফ্যান, লাইটিং ও বিদ্যুৎ সংযোগ সরবরাহ করতে হবে।
- স্টল বরাদ্দ প্রদানের ক্ষেত্রে বিসিক নিবন্ধিত, স্থানীয়/আঞ্চলিক উদ্যোক্তা এবং যে সকল উদ্যোক্তা জেলা ব্রান্ডিং পন্য অথবা নিজস্ব কারখানায় পণ্য উৎপাদন করে থাকেন তাদের প্রাধান্য দিতে হবে; তবে স্থানীয়/আঞ্চলিক উদ্যোক্তা পাওয়া না গেলে অন্যান্য জেলা থেকে উদ্যোক্তাদের স্টল বরাদ্দ প্রদান করা যাবে।
- মেলায় বিসিকের একটি হেল্প ডেস্ক থাকবে। অতি ক্ষুদ্র ও সুবিধাবঞ্চিত উদ্যোক্তাদের জন্য মেলায় পৃথকভাবে ২-৩ টি স্টল রাখা হবে যেখানে ৬-১০ জন উদ্যোক্তা বিনামূল্যে পণ্য প্রদর্শন ও বিক্রয়ের সুযোগ পাবেন। মেলায় আগত ক্রেতাসহ অন্যান্য দর্শনার্থীদের প্রয়োজনে একটি চা/কফি স্টল রাখা যেতে পারে। তবে সেখানে পরিবেশিত খাদ্যদ্রব্য অবশ্যই স্বাস্থ্যকর ও মান সম্মত হতে হবে।
- মেলা আয়োজনের ক্ষেত্রে উদ্যোক্তাদের নিকট হতে নিম্নোক্ত হারে স্টল ফি গ্রহণ করা যাবে-

| উদ্যোক্তার ধরন | আয়োজনের স্থান | দৈনিক স্টল ফি'র সর্বোচ্চ হার (টাকা) |
|---|---|---|
| | | ০-১০ দিন সময়কাল |
| (ক) বিসিক নিবন্ধিত উদ্যোক্তা | ঢাকা | ৭০০ |
| | বিভাগীয় শহর | ৫০০ |
| | জেলা/উপজেলা শহর | ৪৫০ |
| (খ) সাধারণ উদ্যোক্তা | ঢাকা | ১০০০ |
| | বিভাগীয় শহর | ৯০০ |

| | | |
|---|---|---|
| | জেলা/উপজেলা শহর | ৬৫০ |

**বি. দ্র.:** দৈনিক স্টল ফি'র হার বিসিক কর্তৃপক্ষের নির্দেশক্রমে পরিবর্তিত হতে পারে।

- মেলায় অংশগ্রহণের জন্য আগ্রহী উদ্যোক্তাকে নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সের কপিসহ স্টলের ফি পে-অর্ডার মারফত স্ব স্ব কার্যালয়ের ব্যাংক হিসাব (বিজ্ঞপ্তিতে উল্লিখিত ব্যাংক) বরাবর নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।
- পণ্যের গুনগতমান ও বৈচিত্রতা, মেলায় অংশগ্রহণের যোগ্যতা ও সঠিকভাবে দাখিলকৃত আবেদনপত্র/ সংযুক্তিসমূহ যাচাই পূর্বক প্রাথমিক তালিকা তৈরি করতে হবে। অতঃপর আবেদনকারীদের উপস্থিতিতে উন্মুক্ত লটারীর আয়োজন করে অথবা আগে আসলে আগে পাবেন ভিত্তিতে স্টল বরাদ্দ করতে হবে। একজন উদ্যোক্তাকে ০১ টি স্টলের বেশি বরাদ্দ দেয়া যাবে না।
- উদ্যোক্তা নির্বাচনের ক্ষেত্রে বিসিক কর্তৃক নিবন্ধিত উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদান করতে হবে।
- স্টল বরাদ্দের ক্ষেত্রে জাতীয় শিল্প নীতি ২০১৬ তে উল্লিখিত অগ্রাধিকারপ্রাপ্ত শিল্প খাত যেমন কৃষি/খাদ্য প্রক্রিয়াজাত, কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী, আইসিটি/সফটওয়্যার, চামড়া/ চামড়াজাত, হালকা প্রকৌশল, পাট ও পাটজাত, প্লাস্টিক, হস্ত ও কারুশিল্প, খেলনা, কৃত্রিম জুয়েলারি, আগর, তৈরি পোশাকসহ অন্যান্য খাতের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) শিল্প উদ্যোক্তাদের প্রাধান্য দিতে হবে।
- মেলায় কোনও প্রকার বিদেশি পণ্য প্রদর্শন/ বিক্রয় করা যাবে না। তাছাড়া উদ্যোক্তার উৎপাদিত পণ্য পূর্বানুমতি ব্যতিরেকে প্রদর্শন/ বিক্রয় সম্পূর্ণভাবে নিষেধ। উভয় ক্ষেত্রে কোনরূপ নোটিশ ছাড়াই মেলা চলাকালীন বরাদ্দকৃত স্টল বাতিল করা যাবে।
- মেলা শুরুর কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে অংশগ্রহণকারী উদ্যোক্তা নির্বাচন সম্পন্ন করতে হবে এবং নির্বাচিত উদ্যোক্তাদের মেলা সম্পর্কিত নিয়মাবলী যথাসময়ে অবহিত করতে হবে।
- মেলা আয়োজনকারী কার্যালয় কর্তৃক চূড়ান্তভাবে বরাদ্দকৃত স্টলসমূহের তালিকা সংরক্ষন করতে হবে এবং হার্ড ও সফট কপি বিপণন বিভাগ, বিসিক, ঢাকা বরাবর দাখিল করতে হবে।
- মেলায় অংশগ্রহণের আবেদন ফরম এবং মেলা সংক্রান্ত বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট বিসিক জেলা কার্যালয়, ওয়েবসাইট এবং ফেসবুক পেজ/গ্রুপে পাওয়া যাবে। আবেদন ফরমের কপি পরিশিষ্ট-ক তে দ্রষ্টব্য।

## ৭.০ মেলা আয়োজনের বাজেট* (সর্বোচ্চ ১০ দিনের হিসেবে)

* টাকা

| ক্রমিক | বিবরণ | একক | পরিমাণ | A Category | | B Category | | C Category | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | একক মূল্য | মোট মূল্য | একক মূল্য | মোট মূল্য | একক মূল্য | মোট মূল্য |
| ১ | ভেন্যু ব্যবস্থাপনা | - | - | - | - | - | - | - | - |
| | ক) ভেন্যু ভাড়া (প্রযোজ্য ক্ষেত্রে) | দিন | ১০ | ৫০০০ | ৫০০০০ | ৪৫০০ | ৪৫০০০ | ৪০০০ | ৪০০০০ |
| | খ) উপযোগ ব্যয় (বিদ্যুৎ, পানি ইত্যাদি) | দিন | ১০ | ১৫০০ | ১৫০০০ | ১৪০০ | ১৪০০০ | ১৩০০ | ১৩০০০ |
| | গ) মেলার গেইট নির্মাণ | সংখ্যা | ১ | ১০০০০ | ১০০০০ | ৯৫০০ | ৯৫০০ | ৯০০০ | ৯০০০ |
| | ঘ) পরিষ্কার-পরিচ্ছন্নতা | জন | ২ | ৫০০০ | ১০০০০ | ৪৫০০ | ৯০০০ | ৪০০০ | ৮০০০ |
| | ঙ) নিরাপত্তা | জন | ২ | ৫০০০ | ১০০০০ | ৪৫০০ | ৯০০০ | ৪০০০ | ৮০০০ |
| ২ | স্টল ব্যবস্থাপনা | - | - | - | - | - | - | - | - |
| | ক) স্টল নির্মাণ (৮'x৮') ও সাজসজ্জা (টেবিল (১), চেয়ার (২), টিউব লাইট (২), স্ট্যান্ড ফ্যান (১) বিদ্যুৎ সংযোগসহ) | সংখ্যা | ৫০ | ৩৫০০ | ১৭৫০০০ | ৩৪০০ | ১৭০০০০ | ৩৪০০ | ১৭০০০০ |
| | খ) স্টলের পরিচিতি ব্যানার (২'x৬') ৫০ টি | বর্গফুট | ৬০০ | ২০ | ১২০০০ | ২০ | ১২০০০ | ২০ | ১২০০০ |
| ৩ | প্রচার প্রচারণা | - | - | - | - | - | - | - | - |
| | ক) ব্যানার ১ টি বড় (১০'x৪')p | বর্গফুট | ৪০ | ২০ | ৮০০ | ২০ | ৮০০ | ২০ | ৮০০ |
| | খ) ব্যানার ১০ টি ছোট (৫'x৩') | বর্গফুট | ১৫০ | ২০ | ৩০০০ | ১৯ | ২৮৫০ | ১৬ | ২৪০০ |
| | গ) লিফলেট (১০"x৮") | সংখ্যা | ১০০০ | ৫ | ৫০০০ | ৪ | ৪০০০ | ৪ | ৪০০০ |
| ৪ | উদ্বোধনী অনুষ্ঠান | - | - | - | - | - | - | - | - |
| | ক) ব্যাকড্রপ ব্যানার ১ টি (১০'x৪') | বর্গফুট | ৪০ | ২০ | ৮০০ | ২০ | ৮০০ | ২০ | ৮০০ |
| | খ) ফুলের তোড়া (অতিথিদের জন্য) | সংখ্যা | ৪ | ১০০০ | ৪০০০ | ৯৫০ | ৩৮০০ | ৯০০ | ৩৬০০ |
| | গ) সাউন্ড সিস্টেম | দিন | ১ | ২৫০০ | ২৫০০ | ২৪০০ | ২৪০০ | ২৩০০ | ২৩০০ |
| | ঘ) ডেকোরেশন (১০০ চেয়ার, ২ সেট সোফা, হেড টেবিল ও টেবিল সজ্জা, পানির বোতল, টিস্যু বক্স, স্যানিটাইজার) | দিন | ১ | ১০০০০ | ১০০০০ | ৯০০০ | ৯০০০ | ৮০০০ | ৮০০০ |
| | ঙ) গ্যাস বেলুন, ফিতা, কাচি | - | থোক | - | ১৫০০ | - | ১৪০০ | - | ১৩০০ |
| ৫ | সাংস্কৃতিক অনুষ্ঠান | - | - | - | - | - | - | - | - |
| | ক) সাউন্ড সিস্টেম | দিন | ৯ | ২৫০০ | ২২৫০০ | ২৪০০ | ২১৬০০ | ২৩০০ | ২০৭০০ |
| | খ) ডেকোরেশন (৫০ চেয়ার, ১ সেট সোফা) | দিন | ১০ | ৩০০০ | ৩০০০০ | ২৯০০ | ২৯০০০ | ২৮০০ | ২৮০০০ |
| | গ) শিল্পীদের সম্মানী | - | থোক | - | ২০০০০ | - | ১৮০০০ | - | ১৭০০০ |
| ৬ | শ্রেষ্ঠ স্টলসমূহকে পুরস্কার প্রদান (১ম, ২য় ও ৩য়) ও সকল অংশগ্রহণকারীদের সার্টিফিকেট প্রদান | - | থোক | - | ৫০০০ | - | ৪৫০০ | - | ৪০০০ |
| ৭ | বিবিধ | - | থোক | - | ১২৯০০ | - | ৮৩৫০ | - | ৭১০০ |
| | **সর্বমোট** | | | - | **৪০০০০০** | - | **৩৭৫০০০** | - | **৩৬০০০০** |

* মেলা আয়োজনের স্থানভেদে মেলার ধরন অনুযায়ী কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে বাজেট কম বা বেশি হতে পারে। মেলা শেষ হওয়ার পর সংশ্লিষ্ট যাবতীয় খরচের হিসাব (খরচের মূল বিল/ভাউচার) বিধি মোতাবেক বিসিকের হিসাব ও অর্থ শাখা বরাবর প্রেরণ করে নির্ধারিত সময়ের মধ্যে হিসাব সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য, সরকারী বিধি মোতাবেক মেলা সংশ্লিষ্ট বিভিন্ন কর্মসূচির বিপরীতে ব্যয়সমূহের ওপর প্রযোজ্য/কর্তিত ভ্যাট/আয়কর জমা দিয়ে চালান এর কপি বিল/ভাউচার এর সাথে বিসিকের হিসাব ও অর্থ শাখা বরাবর প্রেরণ করতে হবে।

### ৮.০ মূল্যায়ন, তথ্য সংরক্ষণ ও প্রেরণ (সংশ্লিষ্ট কার্যালয়, বিসিক)

প্রতিটি আয়োজিত মেলা এর প্রতিবেদন প্রণয়ন এবং ডাটাবেজ সংরক্ষণে নিম্নোক্ত কাগজপত্র বিপণন বিভাগে সরবরাহ করতে হবে-

| ক্রম | শিরোনাম | প্রস্তুতির সময় | প্রেরণের মাধ্যম | প্রেরণের শেষ সময় | সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | পূরণকৃত মূল্যায়ন ফর্ম (পরিশিষ্ট-খ) | শেষ দিন | ডাক/ ইমেইলে | সমাপ্তির পর ৭ কর্মদিবসের মধ্যে | স্টল সংখ্যার সমান |
| ২. | তথ্য প্রেরণের ছক (পরিশিষ্ট-গ) | সমাপ্তির পর | ডাক/ ইমেইলে | সমাপ্তির পর ৭ কর্মদিবসের মধ্যে | ১ টি |
| ৩. | অংশগ্রহণকারীর তালিকা ছক (পরিশিষ্ট-ঘ) | স্টল বরাদ্দের পর | ডাক/ ইমেইলে | সমাপ্তির ১ কর্মদিবস পূর্বে | ১ টি |
| ৪. | ইভেন্টের বাছাইকৃত ভিডিও এবং ফটোগ্রাফ | ইভেন্ট চলাকালীন | ইমেইলে | সমাপ্তির পর ৭ কর্মদিবসের মধ্যে | ১০ টি |

**পরিশিষ্ট-ক**

**উদ্যোক্তার অংশগ্রহণের আবেদন পত্র**

**বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)**

৩৯৮ মেয়র আনিসুল হক সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

**ওয়েব:** www.bscic.gov.bd**, ইমেইল:** info@bscic.gov.bd

| |
|---|
| **মেলার নাম:** |
| **আয়োজনের স্থান/ ভেন্যু:** |
| **আয়োজনের সময়কাল ____ হতে ____ ২০__** |

**আবেদন পত্র**

<table>
<tr><td rowspan="2">১</td><td rowspan="2">আবেদনকারী প্রতিষ্ঠানের নাম</td><td>বাংলা</td><td colspan="5"></td></tr>
<tr><td>ইংরেজি</td><td colspan="5"></td></tr>
<tr><td>২</td><td>প্রতিষ্ঠানের ঠিকানা</td><td colspan="6"></td></tr>
<tr><td rowspan="2">৩</td><td rowspan="2">উদ্যোক্তার নাম</td><td>বাংলা</td><td colspan="4"></td><td rowspan="2">☐ নারী<br>☐ পুরুষ</td></tr>
<tr><td>ইংরেজি</td><td colspan="4"></td></tr>
<tr><td>৪</td><td>ফোন</td><td colspan="2"></td><td>৫</td><td>মোবাইল</td><td colspan="2"></td></tr>
<tr><td>৬</td><td>ইমেইল</td><td colspan="2"></td><td>৭</td><td>ওয়েবসাইট</td><td colspan="2"></td></tr>
<tr><td>৮</td><td>প্রতিষ্ঠাকাল</td><td></td><td>৯</td><td>সেক্টর</td><td colspan="3">☐ কুটির ☐ মাইক্রো ☐ ক্ষুদ্র ☐ মাঝারি</td></tr>
<tr><td>১০</td><td>পণ্য/ সেবা সমূহ (৩ টি)</td><td colspan="6"></td></tr>
<tr><td>১১</td><td>পণ্যের বাজার</td><td colspan="2">☐ স্থানীয়/ জাতীয় ☐ আন্তর্জাতিক</td><td>১২</td><td>টার্নওভার (টাকা)</td><td colspan="2"></td></tr>
<tr><td rowspan="3">১৩</td><td rowspan="3">কর্মী সংখ্যা</td><td>নারী</td><td></td><td rowspan="2">১৪</td><td colspan="3" rowspan="2">বিসিক সম্পর্কে পূর্ব অভিজ্ঞতা:</td></tr>
<tr><td>পুরুষ</td><td></td></tr>
<tr><td>তৃতীয় লিঙ্গ</td><td></td><td>১৫</td><td colspan="3">বিসিক নিবন্ধন নম্বর:</td></tr>
<tr><td rowspan="4">১৫</td><td rowspan="4">পে অর্ডারের বিবরণ</td><td colspan="3">ব্যাংকের নাম</td><td colspan="3">পে অর্ডার নম্বর</td></tr>
<tr><td colspan="3"></td><td colspan="3"></td></tr>
<tr><td colspan="3">শাখা</td><td colspan="3">তারিখ</td></tr>
<tr><td colspan="3"></td><td colspan="3"></td></tr>
</table>

*আমি নিম্ন স্বাক্ষর কারী ঘোষণা করছি যে, আবেদন পত্রে উল্লিখিত সকল তথ্য সঠিক এবং অংশগ্রহণের সকল শর্তাদি মেনে এই মেলায় অংশগ্রহণ করবো।*

উদ্যোক্তার স্বাক্ষর ও তারিখ

**অংশগ্রহণের শর্তাবলী:**

১) আবেদন পত্রের সাথে স্টলের ফি বাবদ ______ /- সমমূল্যের পে-অর্ডার দাখিল করতে হবে।

২) এ মেলায় শুধুমাত্র দেশীয় পণ্য উৎপাদনকারী অথবা সেবা প্রদানকারী কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের (CMSME) উদ্যোক্তাগন অংশগ্রহণ করতে পারবেন।

৩) মেলায় নিম্নোক্ত উদ্যোক্তাগণ অগ্রাধিকার পাবেন-

ক) 'জাতীয় শিল্পনীতি-২০১৬' অনুযায়ী উচ্চ অগ্রাধিকার/ অগ্রাধিকারপ্রাপ্ত CMSME খাতসমূহের উদ্যোক্তা;

খ) বিসিক নিবন্ধন প্রাপ্ত CMSME খাতের উদ্যোক্তা;

গ) বিসিকের প্রশিক্ষণপ্রাপ্ত CMSME খাতের উদ্যোক্তা;

ঘ) রপ্তানিমুখী CMSME খাতের উদ্যোক্তা;

ঙ) সৃজনশীল/ইনোভেটিভ পণ্য/ সেবা উৎপাদক CMSME খাতসমূহের উদ্যোক্তা;

চ) CMSME খাতসমূহের নারী উদ্যোক্তা;

ছ) আইএসও সার্টিফিকেশন প্রাপ্ত CMSME প্রতিষ্ঠানের উদ্যোক্তা।

৪) বিদেশী পণ্য মেলায় প্রদর্শন/বিক্রয় করা যাবে না। শর্ত অমান্যকারীদের কোনরূপ নোটিশ ছাড়াই মেলা চলাকালীন বরাদ্দকৃত স্টল বাতিল করা হবে;

৫) পণ্য/ সেবা যথেষ্ট গুণগতমান সম্পন্ন হতে হবে। প্রদর্শিত পণ্যের বিএসটিআই সার্টিফিকেট বাধ্যতামূলক হলে তা থাকতে হবে।

৬) ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, নিবন্ধন সনদ (যদি থাকে) এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।

৭) অপর কোন পক্ষের কাছে বরাদ্দকৃত স্টল বাণিজ্যিক উদ্দেশ্যে হস্তান্তর/সাবলেট দেয়া যাবে না। এই নিয়মের ব্যত্যয় ঘটলে স্টল বরাদ্দ বাতিল হবে এবং সেক্ষেত্রে স্টলের ফি ফেরতযোগ্য হবে না।

৮) স্টল বরাদ্দ প্রাপ্তির পর অংশগ্রহণ না করলে স্টল ফি ফেরতযোগ্য হবে না। তবে বরাদ্দ প্রত্যাশী উদ্যোক্তা পাওয়া গেলে বিসিক কর্তৃপক্ষের মাধ্যমে স্টল হস্তান্তর করা যাবে।

৯) প্রতিদিন মেলা শুরুর সময় থেকে শেষ পর্যন্ত একজন অ্যাটেনডেন্ট অবশ্যই স্টলে থাকতে হবে।

১০) একটি প্রতিষ্ঠানের নামে সর্বোচ্চ ১ টি স্টলের জন্য আবেদন করা যাবে।

১১) মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ শুধুমাত্র তাদের স্টলে নিজস্ব প্রচার সামগ্রী প্রদর্শন ও বিতরণ করতে পারবে।

১২) মেলায় শব্দদূষণ/ পরিবেশ দূষণ হয় এমন কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না।

১৩) স্টলের মালিকগণ নিজ নিজ দায়িত্বে তাদের স্টলের পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখবেন।

১৪) মেলা প্রাঙ্গণে অবৈধ/বেআইনী কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে দেশে প্রচলিত আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫) বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতি-নীতি পরিপন্থী কোন কিছু প্রদর্শন করা যাবে না।

১৬) মেলায় কোন প্রকার নকল পণ্য প্রদর্শন/ বিক্রয় করা যাবে না। এক্ষেত্রে, পাইরেসি, কপিরাইট, ট্রেড মার্কস ইত্যাদি আইনের দ্বারা সৃষ্ট আইনী জটিলতার দায়-দায়িত্ব বিসিক কর্তৃপক্ষ বহন করবে না।

১৭) বিসিক মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তাদের তথ্য উপাত্ত সংগ্রহের প্রয়োজনে সরেজমিন জরিপের অধিকার সংরক্ষণ করে।

১৮) মেলা প্রাঙ্গণে অংশগ্রহণকারীর মালামাল চুরি /হারানোর জন্য মেলার আয়োজক দায়ী থাকবে না।

১৯) বিসিক কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২০) মেলার সার্বিক ব্যবস্থাপনার ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসনে বিসিক কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২১) বিসিক কর্তৃক আয়োজিতব্য মেলা এবং এ সংক্রান্ত যে কোন কার্যক্রম কোনও কারণ দর্শানো ব্যতীত স্থগিত, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

'জাতীয় শিল্পনীতি-২০১৬' এ বর্ণিত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সংজ্ঞা-

| খাত | কুটির (Cottage) | | মাইক্রো (Micro) | | ক্ষুদ্র (Small) | | মাঝারী (Medium) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | জনবল | স্থায়ী সম্পদ | জনবল | স্থায়ী সম্পদ | জনবল | স্থায়ী সম্পদ | জনবল | স্থায়ী সম্পদ |
| উৎপাদন | সর্বোচ্চ ১৫ জন | সর্বোচ্চ ১০ লক্ষ টাকা | ১৬-৩০ জন | ১০-৭৫ লক্ষ টাকা | ৩১-১২০ জন | ৭৫ লক্ষ - ১৫ কোটি | ১২১-৩০০ জন | ১৫-৫০ কোটি |
| সেবা | - | - | সর্বোচ্চ ১৫ জন | সর্বোচ্চ ১০ লক্ষ টাকা | ১৬-৫০ জন | ১০ লক্ষ - ২ কোটি | ৫১-১২০ জন | ২-৩০ কোটি |

**বি. দ্র.:** জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য হিসাব করতে হবে।

**পরিশিষ্ট-খ**

**মূল্যায়ন ফর্ম**

**বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)**

৩৯৮ মেয়র আনিসুল হক সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

**ওয়েব:** www.bscic.gov.bd, **ইমেইল:** info@bscic.gov.bd

---

মেলার নাম:

আয়োজনের স্থান:

সময়কাল:

ফর্ম নং

## উদ্যোক্তা কর্তৃক পুরণীয় তথ্য ও জরীপ ফর্ম

| | | | | |
|---|---|---|---|---|
| ১) উদ্যোক্তার নাম: | | ২) লিঙ্গ | ☐ নারী<br>☐ পুরুষ |
| ৩) প্রতিষ্ঠানের ঠিকানা: | | ৪) শিল্পের ধরন: | ☐ মাঝারি<br>☐ ক্ষুদ্র<br>☐ মাইক্রো<br>☐ কুটির |
| ৫) মোবাইল নং: | | | |
| ৬) ই-মেইল: | | | |
| ৭) প্রতিষ্ঠানের নাম: | | ৮) স্টল নম্বর: | |
| ৯) তথ্য প্রদানকারীর নাম: | | ১০) পদবি: | |
| ১১) সর্বাধিক বিক্রিত পণ্য: (৩ টি) | ক)<br>খ)<br>গ) | | |
| ১২) মোট বিক্রয়: (টাকা) | | ১৩) প্রাপ্ত ক্রয়াদেশ: (টাকা) | |

**মতামত ও মূল্যায়ণ অংশ (টিক √ চিহ্ন দিন)**

| | | | কেনো নয়? সংক্ষিপ্ত |
|---|---|---|---|
| ১৪) সময়কাল ও মেয়াদ? | ☐ সঠিক | ☐ সঠিক নয় | - |
| ১৫) আবেদন ও স্টল নির্বাচন প্রক্রিয়া? | ☐ সঠিক | ☐ সঠিক নয় | - |
| ১৬) স্টল ফি'র পরিমাণ নির্ধারণ? | ☐ সঠিক | ☐ সঠিক নয় | - |
| ১৭) স্থান নির্ধারণ? | ☐ সঠিক | ☐ সঠিক নয় | - |
| ১৮) নিরাপত্তা, স্বাস্থ্যবিধি ও পরিচ্ছন্নতা? | ☐ পর্যাপ্ত | ☐ পর্যাপ্ত নয় | - |
| ১৯) প্রচার ও প্রচারণা? | ☐ পর্যাপ্ত | ☐ পর্যাপ্ত নয় | - |
| ২০) দর্শনার্থী সমাগম ও বিক্রয়ের সুযোগ? | ☐ পর্যাপ্ত | ☐ পর্যাপ্ত নয় | - |

২১) কি কি বিষয় ভালো লেগেছে (৩টি)?

| |
|---|
| ক) |
| খ) |
| গ) |

২২) কি কি বিষয় ভালো লাগেনি (৩টি)?

| |
|---|
| ক) |
| খ) |
| গ) |

২৩) বিসিক কর্তৃক ভবিষ্যতে আয়োজিত মেলা আয়োজনে আপনার মতামত

| |
|---|
| |

২৪) সার্বিক মুল্যায়ন: ☐ খুবই ভালো ☐ ভালো ☐ মোটামুটি ☐ ভালো নয়

জরীপকারীর নাম ও পদবি:
স্বাক্ষর ও তারিখ:

উদ্যোক্তার নাম ও পদবি:
স্বাক্ষর ও তারিখ:

## পরিশিষ্ট-গ

## তথ্য প্রেরণের ছক

| ক্রম | শিরোনাম ও সময়কাল | আয়োজনের স্থান | মোট স্টলের সংখ্যা | প্রদর্শিত পণ্যের শিল্প খাত সমূহের নাম | অংশগ্রহণকারী উদ্যোক্তার সংখ্যা | | | | | | দর্শনার্থীর সংখ্যা (আনুমানিক) | মোট বিক্রয়ের পরিমান (লক্ষ টাকায়) | মোট প্রাপ্ত অর্ডারের পরিমান (লক্ষ টাকায়) | মেলা আয়োজনে মোট ব্যয়ের পরিমান (লক্ষ টাকায়) | মেলা হতে মোট আয়ের পরিমান (লক্ষ টাকায়) | সহ-আয়োজক/ ইভেন্ট ম্যানেজার (যদি থাকে) | মন্তব্য/ পরামর্শ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মহিলা উদ্যোক্তা | পুরুষ উদ্যোক্তা | কুটির শিল্পের উদ্যোক্তা | মাইক্রো শিল্পের উদ্যোক্তা | ক্ষুদ্র শিল্পের উদ্যোক্তা | মাঝারি শিল্পের উদ্যোক্তা | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ১) | | | | | | | | | | | | | | | | | |

**পরিশিষ্ট-ঘ**

**মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তাদের তালিকা ছক**

| ক্রম | উদ্যোক্তার নাম | প্রতিষ্ঠানের নাম | প্রদর্শিত প্রধান পণ্য/সেবা | ব্যবসার ঠিকানা | মোবাইল | ই-মেইল | মোট বিক্রয় (লক্ষ টাকায়) | মোট প্রাপ্ত অর্ডার (লক্ষ টাকায়) | মেলার সার্বিক আয়োজন সম্পর্কে মন্তব্য (যেকোনো একটি লিখুন) খুব ভালো/ ভালো/ মোটামোটি/ ভালো নয় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | | | | | | | | | |
| ২ | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | |
| ১১ | | | | | | | | | |
| ১২ | | | | | | | | | |
| ১৩ | | | | | | | | | |
| ১৪ | | | | | | | | | |
| ১৫ | | | | | | | | | |
| ১৬ | | | | | | | | | |
| ১৭ | | | | | | | | | |
| ১৮ | | | | | | | | | |
| ১৯ | | | | | | | | | |
| ২০ | | | | | | | | | |
| ২১ | | | | | | | | | |
| ২২ | | | | | | | | | |
| ২৩ | | | | | | | | | |
| ২৪ | | | | | | | | | |
| ২৫ | | | | | | | | | |
| .. | | | | | | | | | |
| .. | | | | | | | | | |
| .. | | | | | | | | | |